

ভোরে কাপড়

...

ছাত্রদের সহিংসতা ও দুর্নীতিকে ঘৃণা করতে শিখতে হবে

আহসান উল্লাহ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তনে রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি অধ্যাপক এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরী সন্ত্রাস ও দুর্নীতিকে ঘৃণা করার জন্য শিক্ষিত তরুণ-তরুণীদের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, নিজেদের কল্যাণ এবং তাদের পরিবার ও জাতির সম্পদ হিসেবে পরিগণিত হওয়ার জন্য ছাত্রছাত্রীদেরকে অবশ্যই সহিংসতা ও দুর্নীতিকে ঘৃণা করতে শিখতে হবে। গতকাল সকালে, রাজধানীর ওসমানী মেমোরিয়াল হলে আয়োজিত আহসান উল্লাহ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন অনুষ্ঠানে ভাষণ দানকালে রাষ্ট্রপতি এসব কথা বলেন। বাসস।

শিক্ষামন্ত্রী ড. এম ওসমান ফারুক, বিশ্ববিদ্যালয়ের ডিসি অধ্যাপক এম এইচ খান, আহসানিয়া মিশনের নির্বাহী পরিচালক কাজী রফিকুল আলম, সিডিকেটের চেয়ারম্যান কাজী ফজলুর রহমান এবং ডায়ালগিক সমিতির সভাপতি অধ্যাপক ওয়াহিদউদ্দিন আহমেদ অনুষ্ঠানে বক্তৃতা করেন।

রাষ্ট্রপতি বলেন, স্নাতকদেরকে তাদের পরিবার, সমাজ ও দেশের জন্য সম্পদে পরিণত হতে হবে। অন্যদিকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকেও নজর রাখতে হবে যে, তাদের ছাত্রছাত্রীরা সর্বসাম্প্রতিক জ্ঞান, দৃঢ় চরিত্র এবং আপোসহীন দেশপ্রেম নিয়ে বিকশিত হচ্ছে। তিনি আরো বলেন, 'আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি যে, সং চরিত্র ছাড়া শিক্ষার কোনো মূল্য নেই।'

রাষ্ট্রপতি অধ্যাপক চৌধুরী সাধারণ এবং বিশেষায়িত উভয় ক্ষেত্রেই বেসরকারি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার মাধ্যমে উচ্চশিক্ষা সম্প্রসারণে ভূমিকা রাখার জন্য শিক্ষাবিদ এবং রিসোর্স পারসনদের প্রশংসা করেন। তিনি বলেন, সুস্পষ্টভাবে এটাও লক্ষণীয় হচ্ছে যে, বেসরকারি খাতে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য ব্যবসায়ী উদ্যোক্তারাও এগিয়ে আসছেন। রাষ্ট্রপতি একে 'ভালো লক্ষণ' বলে অভিহিত করেন। তবে রাষ্ট্রপতি বলেন,

উদ্যোক্তাদের মধ্যে অনেকের বরং এক্ষেত্রে বাণিজ্যিক উদ্দেশ্য রয়েছে। তবে অন্যদের প্রকৃতপক্ষেই জাতিকে আলোকিত করার জন্য সুযোগ্য নাগরিক তৈরির আদর্শগত উদ্যোগ রয়েছে বলেও তিনি উল্লেখ করেন।

কয়েকটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ক্যাম্পাসের অভাবের কথা উল্লেখ করে অধ্যাপক বদরুদ্দোজা চৌধুরী বলেন, একটি বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ক্যাম্পাস থাকা খুবই জরুরি এবং এটি বিশ্ববিদ্যালয়ের ছাত্র, শিক্ষক এবং অভিভাবকদের গৌরবের বিষয়। আগামী সমাবর্তন অনুষ্ঠানের আগেই আহসান উল্লাহ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় তার নিজস্ব ক্যাম্পাসে যেতে সক্ষম হবে বলে রাষ্ট্রপতি আশা প্রকাশ করেন।

রাষ্ট্রপতি সকল বিশ্ববিদ্যালয়ে অডিও ভিজুয়াল সুবিধাসহ ভাষা শিক্ষা ল্যাবরেটরি স্থাপনের প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেন এবং তাতে ছাত্রছাত্রীদেরকে ইংরেজি শিক্ষা বিষয়ে একটি সর্ধক্ষণ কোর্স করানোর ওপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, ঐচ্ছাসিক পছন্দ ইংরেজি শিক্ষা বাধ্যতামূলক করা উচিত। তিনি বলেন, এটি কম্পিউটার শিক্ষায়ও সহায়ক হবে।

উল্লেখ্য, আহসান উল্লাহ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে দেশের প্রথম বেসরকারি বিশ্ববিদ্যালয়। ঢাকা আহসানিয়া মিশন কর্তৃক ১৯৯৫ সালে এটি প্রতিষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়টি থেকে ৬০০ ছাত্রছাত্রী স্নাতক ডিগ্রি লাভ করেছে। তাদের মধ্যে গতকাল সমাবর্তন অনুষ্ঠানে উপস্থিত ৩৩৭ জন ছাত্রছাত্রীর মধ্যে সনদপত্র বিতরণ করা হয়।

এ
২